সংবাদ

তারিখ ... 1 APR 2017 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

# 'চসিক কোটি কোটি টাকা ভর্তুকি দিয়ে শিক্ষাপ্রতিষ্ঠান পরিচালনা করছে'

**চট্টগ্রাম ব্যুরো**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, আলোকিত মানুষ গড়ার দায়িত্ব হিসেবে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কোটি কোটি টাকা ভর্তুকি দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছে। যা বাংলাদেশের ইতিহাসে ব্যতিক্রমধর্মী কার্যক্রম।

মেয়র বলেন, প্রকৃত শিক্ষিত ও আলোকিত মানুষ ছাড়া দেশ-জাতির উন্নয়ন ও সমৃদ্ধি সম্ভব নয়। সে বিষয়টি প্রাধান্য দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বর্তমান পর্যন্ত ৮৯টি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করছে। আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীন বলেন, দেশপ্রেম ধারণ করে মানব কল্যানের লক্ষ্যে যারা জ্ঞান অর্জন করে আলোকিত মানুষ হয়েছে তাদের পক্ষে আত্মঘাতি জঙ্গি তৎপরতা সম্ভব নয়। যে সমস্ত শিক্ষিত যুবক আত্মঘাতী পথ অবলম্বন করে জঙ্গি ও সন্ত্রাসী কার্যক্রমে লিপ্ত তারা ভুল পথে পরিচালিত হচ্ছে। নিজ, পরিবার, সমাজ ও রাষ্ট্রের স্বার্থে জঙ্গি ও সন্ত্রাসীদের পথ পরিহার করে সুষ্ঠ ও স্বাভাবিক জীবনে ফিরে আসার জন্য সংশ্লিষ্টদের আহ্বান জানান মেয়র। তিনি বলেন, শিক্ষার স্বার্থে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সর্বোচ্চ বিনিয়োগ করে যাবে। কারন শিক্ষার বিনিয়োগ কোনদিন বিফলে যাবে না। গত বুধবার বিকেলে হোসেন আহম্মদ চৌধুরী সিটি কর্পোরেশন স্কুল অ্যান্ড কলেজে এইচ এস সি পরীক্ষার্থী বিদায়, সিসি ক্যামেরা এবং মাল্টিমিডিয়া শ্রেনী কক্ষ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির মেয়র এসব কথা বলেন । অত্র স্কুল ও কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, ৮ নং শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর মোহাম্মদ মোরশেদ আলম। এতে বিশেষ অতিথি ছিলেন ২৪ নং ওয়ার্ড কাউন্সিরর ও শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি নাজমুল হক ডিউক, সরংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস জেসমিন পারভীন জেসি ও ভারপ্রাপ্ত প্রধান শিক্ষা কর্মকর্তা যুথিকা সরকার। মেয়র মাল্টিমিডিয়া ক্লাস এর কার্যক্রম এবং সিসি ক্যামেরা কার্যক্রম বাটন ক্লিক করে উদ্বোধন করেন। পরে মেয়র মেধা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন। অনুষ্ঠানের শুরুতে মেয়র এবং অতিথিদের ক্রেষ্ট ও ফুল দিয়ে শুভেচ্ছা জানানো হয় এবং পবিত্র কোরআন,গীতা ও ত্রিপিটক পাঠ এবং জাতীয় সংগিত পরিবেশন করা হয়।